



তথ্যবিবরণী

নম্বর- ২৯৬

## রাতের মধ্যেই কুরবানির সমস্ত বর্জ্য অপসারণ করল রাসিক

রাজশাহী; ০৩ আষাঢ় (১৭ জুন):

রাজশাহী মহানগরীকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে পবিত্র ইদ-উল-আযহার দিন দিবাগত রাত ১২ থেকে ১ টার মধ্যে নগরীর শতভাগ বর্জ্য অপসারণ করা হয়েছে। কুরবানির সমস্ত বর্জ্য অপসারণ করল রাজশাহী সিটি কর্পোরেশন (রাসিক)। গত বারের মতো এবারও দ্রুত সময়ে কুরবানির বর্জ্য অপসারণ করা হয়েছে।

জানা যায়, পবিত্র ইদ-উল আযহার দিন বিকালে ১৮নং ওয়ার্ডের শারীরিক শিক্ষা কলেজ সংলগ্ন পবাপাড়া সেকেন্ডারি ট্রান্সফার স্টেশন (এসটিএস) থেকে কুরবানির বর্জ্য অপসারণ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন রাসিক মেয়র। এরপর তিনি নগরীর বিভিন্ন এলাকা পরিদর্শন করেন রাসিক। এর আগে সকাল ১১টা থেকে ওয়ার্ড পর্যায়ে পশু জবাইয়ের স্থান থেকে কুরবানির বর্জ্য সংগ্রহ ও পরিচ্ছন্ন কার্যক্রম শুরু করে রাসিকের পরিচ্ছন্ন বিভাগের কর্মীরা। ৩০টি ওয়ার্ড থেকে বর্জ্য সংগ্রহ করে ২৮টি এসটিএস নিয়ে যাওয়া হয়। সন্ধ্যা থেকে সেই বর্জ্য নগরীর সিটি হাট সংলগ্ন ভাগাড়ে নিয়ে ফেলা হচ্ছে।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে রাসিক মেয়র এ.এইচ.এম. খায়রুজ্জামান লিটন বলেন, আগামীকাল ও পরশুদিন যারা কুরবানি করবেন, সেই বর্জ্যগুলোও দ্রুত সময়ে অপসারণ করা হবে।

দ্রুত সময়ের মধ্যে কুরবানির বর্জ্য অপসারণ হওয়ায় সন্তোষ প্রকাশ করে সাধারণ মানুষ রাসিকের পরিচ্ছন্ন বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিক কৃতজ্ঞতা জানান। উল্লেখ্য, মহানগরীতে কুরবানির পশু জবেহকরণের জন্য সুনির্দিষ্ট স্থান নির্ধারণ করে দিয়েছিল রাসিক।

.....  
তৌহিদুজ্জামান/আতিক/আরিফ/রুহুল/২০২৪/২০:০০